

পত্র সংখ্যা-৪৪.০৪.০০০০.০২১.০২.০০৪.২৬. ৬৪১

তারিখ: ২৬ চৈত্র, ১৪৩২
০৬ এপ্রিল, ২০২৬

বিষয়: গাড়িচালকদের বার্ষিক গোপনীয় অনুবেদনে স্বাস্থ্য প্রতিবেদন অংশে হালনাগাদ ডোপ টেস্ট রিপোর্ট দাখিল প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ১০ম হতে ২০তম গ্রেডভুক্ত কর্মকর্তা ও কর্মচারীদের জন্য প্রণীত “গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২৩” এবং গাড়িচালকদের জন্য নির্ধারিত বাংলাদেশ ফরম নং-২৯০ (চ) ২০২৩ অনুসারে মূল্যায়ন কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। উক্ত ফরমের ২য় পৃষ্ঠার ১ম অংশে স্বাস্থ্য প্রতিবেদনের ৩ নং ক্রমিক অনুযায়ী সর্বশেষ ডোপ টেস্ট রিপোর্টের ভিত্তিতে মাদকাসক্তি সংক্রান্ত মন্তব্য আবশ্যিকভাবে লিপিবদ্ধ করার নির্দেশনা বিদ্যমান রয়েছে।

এ প্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নং ০৫.০০.০০০০.১০২.১৮.০০২.২৩-১২; তারিখ: ১৮/০১/২০২৪ মূলে জারিকৃত স্পষ্টীকরণে উল্লেখ করা হয়েছে যে, গাড়িচালকদের বিদ্যমান ড্রাইভিং লাইসেন্স ইস্যু বা নবায়নের সময় দাখিলকৃত ডোপ টেস্ট রিপোর্টকেই সর্বশেষ ডোপ টেস্ট রিপোর্ট হিসেবে গণ্য করা যাবে।

তবে বাস্তব প্রেক্ষাপটে লক্ষ্য করা যাচ্ছে যে, দেশের কারাগারসমূহে বিভিন্ন শ্রেণির বন্দির মধ্যে মাদকাসক্ত বন্দির সংখ্যা তুলনামূলকভাবে বেশি। এ ধরনের সংবেদনশীল পরিবেশে দায়িত্ব পালনকালে কর্মচারীদের সর্বোচ্চ সতর্কতা অবলম্বন সত্ত্বেও মাঝে মাঝে মাদকদ্রব্য প্রবেশ বা সংশ্লিষ্ট অনাকাঙ্ক্ষিত ঘটনার তথ্য পরিলক্ষিত হয়। যেহেতু মাদকের বিরুদ্ধে সরকার ‘জিরো টলারেন্স’ নীতি ঘোষণা করেছে এবং কারাগার একটি অতিসংবেদনশীল নিরাপত্তা পরিবেশিত এলাকা, সেহেতু কারা অধিদপ্তরাধীন গাড়িচালকদের ক্ষেত্রে নিয়মিত ডোপ টেস্ট কার্যক্রম অধিকতর গুরুত্বের সাথে বিবেচিত হওয়া বাঞ্ছনীয়।

এমতাবস্থায়, কারা অধিদপ্তরে নিয়োজিত সকল গাড়িচালকের ক্ষেত্রে প্রতিবছর অন্তত একবার ডোপ টেস্ট সম্পন্ন করা এবং উক্ত পরীক্ষার প্রতিবেদন বার্ষিক গোপনীয় অনুবেদনের সাথে সংযুক্ত করা বাধ্যতামূলকভাবে নিশ্চিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

- ১। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী;
- ২। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ/সকল সদর দপ্তর;
- ৩। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।


মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
addl.ig@prison.gov.bd

অনুলিপি:

- ১। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা;
- ২। জেল সুপার, হসপিটাল/ইজুড প্রিজনার্স সিকিউরিটি ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা;
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কারা নিরাপত্তা সেল/আইসিটি সেল(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), কারা অধিদপ্তর, ঢাকা;
- ৪। প্রশাসনিক কর্মকর্তা (সকল), বাজেট অফিসার/পরিসংখ্যানবিদ/ স্টাফ অফিসার/ডেপুটি জেলার (সকল) কারা অধিদপ্তর, ঢাকা;
- ৫। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা;
- ৬। ব্যক্তিগত সহকারী, কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক কারা অধিদপ্তর, ঢাকা- মহোদয়ের সদয় অবগতির জন্য;